

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।

তারিখ : ২৯/১১/২০১৭ খ্রি.

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির সংশোধনী নোটিশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা-এর অধীন সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকায় গত ৩০/১০/২০১৭ তারিখ অনুষ্ঠিত ২০১৭-২০১৮ শিক্ষা সেশনের ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষ ভর্তি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়েছে, তাদেরকে আগামী ০৭/১২/২০১৭ ইং তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ দেওয়া হলো।


### ভর্তির নিয়মাবলী:

- ০১। অফিস খোলা থাকার দিন প্রত্যহ সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ১.০০ ঘটিকা পর্যন্ত ভর্তির কার্যক্রম অনুষ্ঠিত হবে।
- ০২। ১০৭ নং কক্ষ থেকে চূড়ান্ত ভর্তির ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে ফরম পূরণ করে ভর্তি কমিটি সদস্যের সুপারিশসহ অধ্যক্ষ মহোদয়ের চূড়ান্ত অনুমোদন নিয়ে ক্যাশিয়ারের নিকট ভর্তি ফি ও ফরম জমা দিতে হবে।
- ০২। ২০১৬ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় উত্তীর্ণদের নির্ধারিত শিক্ষা বিরতি ফি দিতে হবে।
- ০৪। ২০১৬/২০১৭ সালে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ ফাযিল স্নাতক (পাস) ১ম বর্ষে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
- ০৫। ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে:  
ক) দাখিল ও আলিম পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের মূল কপি।  
খ) টুপি পরিহিত পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ও স্ট্যাম্প সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি।
- ০৬। আগামী ২৫/০১/২০১৮ ইং তারিখ থেকে ১ম বর্ষের ক্লাস শুরু হবে।
- ০৭। ১ম বর্ষের ভর্তির যাবতীয় ফি-এর পরিমাণ ক্যাশিয়ার-এর নিকট থেকে জানা যাবে।
- ০৮। ভর্তি ফরমে নিজস্ব মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

বিস্তারিত তথ্য নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

ওয়েবসাইট : [www.dhkgovmalia.edu.bd](http://www.dhkgovmalia.edu.bd)

বিঃদ্র: আগামী ০৯/১২/২০১৭ তারিখ ২য় বার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগ্রহী/ভর্তিচ্ছু ছাত্ররা আগামী ০৭/১২/২০১৭ তারিখের মধ্যে মাদরাসা অফিস থেকে ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ করতে পারবে।

  
প্রফেসর সিরাজ উদ্দিন আহসান  
আইডি নং-০০৯৪৯০  
অধ্যক্ষ  
সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা।  
অধ্যক্ষ

সরকারি মাদরাসা-ই-আলিয়া, ঢাকা